দৈনিক
ইত্তেফাক

তারিখ 16 JUN 2009
পৃষ্ঠা ৫ কলাম ৫

# আগামী বছর থেকে কর্মমুখী গণশিক্ষা চালু হবে

## প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী

॥ লালমনিরহাট সংবাদদাতা ॥

বর্তমান প্রজন্মের শিশুরা বঙ্গবন্ধু সম্পর্কে, মুক্তিযুদ্ধ সম্পর্কে কিছুই জানে না। তাই নতুন পাঠ্য পুস্তক সকল প্রকার প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানে আগামী জানুয়ারি মাসে ফ্রি সরবরাহ করা হবে। ২০১১ সালের মধ্যে সকল শিশুকে স্কুলে আনার ব্যবস্থা বর্তমান সরকারি করবে। আগামী বছর থেকে কর্মমুখী গণশিক্ষা চালু হবে। বৃহস্পতিবার জেলা পরিষদ অডিটরিয়াম কাম কমিউনিটি সেন্টারে নর্থ বেঙ্গল কিন্ডার গার্টেন এন্ড প্রি ক্যাডেট স্কুল সোসাইটি লালমনিরহাট জেলা শাখার আয়োজনে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে. শিক্ষার অগ্রযাত্রায় কিন্ডার গার্টেন সমূহের ভূমিকা শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মোঃ মোতাহার হোসেন এমপি এ কথা বলেন।

তিনি বলেন, দেশে ১১ ধরনের প্রাথমিক শিক্ষা চালু রয়েছে। সরকার আগামী বছর থেকে সরকারিভাবে সরবরাহকৃত বাংলা. ইংরাজি, অংক, সমাজ বিজ্ঞান ও বিজ্ঞান বই কওমী মদ্রাসাসহ সকল ধরনের প্রাথমিক বিদ্যালয়ে পড়াতে বাধ্যতামূলক করা হয়েছে। এখন থেকে সরকারিভাবে বই ফ্রি পেতে কিন্ডার গার্টেন গুলোকে রেজিস্টেশন করাতে হবে। সেজন্য সরকার ৩ বছর সহজ শর্তে রেজিস্টেশন দিবে।

মতবিনিময় সভায় সভাপতিত্ব করেন নর্থ বেঙ্গল কিন্ডার গার্টেন এন্ড প্রি ক্যাডেট স্কুল সোসাইটির সভাপতি আবু জাফর।